

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫৩/২০১৬

অভিযোগকারী : জনাব আহম্মদ আলী
পিতা-আব্বাছ আলী
সাং-কলাপাড়া
পাঃ+থানা ও জেলা-কিশোরগঞ্জ।

প্রতিপক্ষ : জনাব আফছানা বেগম
সাব-রেজিস্ট্রার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ২৯-০৩-২০১৬ ইং)

অভিযোগকারী ১৭-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে সাব-রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. মহাফেজখানা সদর, কিশোরগঞ্জ ইং ২৩/১০/১৪ তারিখে ২০৩ নং স্মারক প্রদান করেন। উক্ত স্মারকে উল্লেখিত ইং ২২/০৯/১১ তারিখে ১৪৩ নং স্মারক এবং ইং ২০/১০/১৪ তারিখে ১৯৯ নং স্মারক এর ফটোকপি। উক্ত স্মারকের মর্ম অনুযায়ী ইং ১৯১৮ সনে ৪৮ নং ভলিয়মবহি আনার জন্য পুনরায় কোন আবেদন করা হইয়াছে কিনা, হইয়া থাকিলে তাহার ফটোকপি।
২. দলিলের সহিমুড়ী নকল তোলার জন্য রেজিঃআইন অনুযায়ী বিধি বিধান কি কি? উক্ত বিধি বিধানের ফটোকপি।
৩. সদর রেজিঃ মহাফেজখানা জেলা সদর রেজিস্ট্রার এর কার্যালয়, ময়মনসিংহ হইতে ইং ১৭/০৯/১৫ তারিখে ২২৮ নং স্মারক উল্লেখ করিয়াছে ১৯১৮ সনের ৪৮ নং ভলিয়মের বহিখানা ময়মনসিংহ সদর রেজিঃ মহাফেজখানায় সংরক্ষিত আছে। রেকর্ডপত্র প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন। তারপর ইং ০৮/১২/১৫ তারিখে ১৬৪/আরনং স্মারক প্রদান করেন। উক্ত স্মারকে উল্লেখ করিয়াছে কিশোরগঞ্জ সাব-রেজিঃ ১৯১৮ সনের ৪৮ নং ভলিয়মখানা ময়মনসিংহ মহাফেজখানায় রক্ষিত আছে। বিধি বিধান মোতাবেক আবেদন করিলে নকল সরবরাহ করা হইবে। নকল সরবরাহের বিধি বিধান কি কি এবং বিধি বিধানের ফটোকপি।

২। উক্ত আবেদনের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদর মহাফেজখানা, কিশোরগঞ্জ ০৬-০১-২০১৬ তারিখে অভিযোগকারীকে “..... তল্লাশের রশিদ মূলে রেকর্ড দৃষ্টে দেখা যায় যে, সংশ্লিষ্ট সূচি সমূহের বালাম বহিগুলিতে দাতা ও গ্রহিতার নাম, ঠিকানা অস্পষ্ট ও অপাঠ্য থাকায় বালাম নং- পৃষ্ঠা নম্বর দলিল নম্বর নির্ধারণ করা সম্ভব হচ্ছে না” মর্মে জানান। সরবরাহকৃত তথ্যে সন্তুষ্ট হতে না পারায় অভিযোগকারী ১৪-০১-২০১৬ তারিখে জেলা রেজিস্ট্রার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), জেলা রেজিস্ট্রার, কিশোরগঞ্জ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১৭-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৯-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি কিশোরগঞ্জ সদর সাব-রেজিষ্ট্রি অফিসে তথ্য প্রাপ্তির আবেদন করলে আংশিক তথ্য প্রাপ্ত হয়েছেন কিন্তু সম্পূর্ণ তথ্য পান নি। তিনি চাহিত পূর্ণাঙ্গ তথ্য পাওয়ার জন্য কমিশনের নিকট বিচার প্রার্থনা করেন। তিনি আরও উল্লেখ করেন যে, তার প্রার্থীত তথ্যগুলো চাওয়ার মূল উদ্দেশ্য ছিল, কিশোরগঞ্জ সদর সাব-রেজিষ্ট্রি অফিসে সম্পাদিত ১৯১৮ সালের ৫১৮০ নম্বর দলিলের অবিকল নকল কপি সংগ্রহ করা। উক্ত দলিলের অবিকল নকল কপি পেলে তিনি চাহিত পূর্ণাঙ্গ তথ্য পেয়েছেন মর্মে কমিশনকে অবহিত করেন।

৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারী যখন তথ্য প্রাপ্তির আবেদন করেন তখন তিনি ছুটিতে ছিলেন। এই সময়ের মধ্যে অভিযোগকারী তথ্য না পেয়ে জেলা রেজিস্ট্রার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), জেলা রেজিস্ট্রারের কার্যালয়, কিশোরগঞ্জ বরাবর আপীল আবেদন করেন। অভিযোগকারী কর্তৃক আপীল আবেদন করার পর তিনি উক্ত বিষয়টি জানতে পেরেছেন। তিনি আরও উল্লেখ করেন যে, অভিযোগকারী কর্তৃক চাহিত তথ্য প্রদান করতে তিনি প্রস্তুত আছেন। কিশোরগঞ্জ সাব-রেজিষ্ট্রি অফিসে সম্পাদিত ১৯১৮ সালের ৫১৮০ নম্বর দলিলের অবিকল নকল কপি সাব-রেজিষ্ট্রি অফিসের নির্ধারিত ফি অভিযোগকারী পরিশোধ করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করবেন বলে কমিশনকে অবহিত করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহ করতে প্রস্তুত আছেন এবং অভিযোগকারী কর্তৃক রেজিস্ট্রেশন আইন অনুযায়ী নির্ধারিত ফি প্রাপ্তি সাপেক্ষে ১৯১৮ সালের ৫১৮০ নম্বর দলিলের অবিকল নকল কপি সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। অভিযোগকারী কর্তৃক রেজিস্ট্রেশন আইনের বিধান মোতাবেক নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ১৩-০৪-২০১৬ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত ১৯১৮ সালের ৫১৮০ নম্বর দলিলের অবিকল নকল কপি এবং প্রার্থীত অন্যান্য তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য সাব-রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ কে নির্দেশনা দেয়া হলো।
- ২। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার